

সেবা সমূহ:

১। আইনগত সেবা:

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২), সমবায় সমিতি সংশোধন আইন, ২০১৩ ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক আইনগত সেবা সমূহ।

(ক) সমবায় সমিতি নিবন্ধন ও উপ-আইন সংশোধন:

- উপ-আইন নিবন্ধনের মাধ্যমে ১টি সমবায় সমিতি আইনগত ভিত্তি লাভ করে। সমিতির সাধারণ সদস্যদের সিদ্ধান্তের আলোকে উপ-আইন পরিবর্তন করা যায়।
- জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন করা হয়।
- বিভাগীয় যুগ্ম-নিবন্ধক কর্তৃক সকল প্রকার কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন করা হয়।
- নিবন্ধক কর্তৃক সকল জাতীয় সমবায় সমিতির নিবন্ধন করা হয়।
- সমবায় সমিতি নিবন্ধনের জন্য নিবন্ধন ফি ট্রেজারী চালানের দ্বারা সরকারী কোষাগারে জমা প্রদান করতে হয়। এক্ষেত্রে সর্বনিম্ন নিবন্ধন ফি ৫০/- এবং সর্বোচ্চ নিবন্ধন ফি ৫,০০০/- টাকা। নিবন্ধন ফি সরকারী রাজস্ব।

(খ) ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন ও অবসায়ন:

- সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। নির্বাচিত কমিটি না থাকলে নিবন্ধক কর্তৃক আইনের আওতায় অন্তর্বর্তী কমিটি নিয়োগ করা হয়। এ কমিটি সমিতির ব্যবস্থাপনা পরিচালনা করেন।
- নিবন্ধক কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- সমিতিতে সংঘটিত যেকোন অনিয়ম নিবন্ধক পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করেন।
- সমিতির মধ্যে সৃষ্ট যে কোন বিরোধ নিবন্ধককে জানানো হলে তিনি সালিশকারী নিয়োগ করবেন। সালিশকারী ন্যায় বিচার, সততা ও সু-বিবেচনা প্রসূতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংক্ষুব্ধ হলে আপীল করার সুযোগ থাকে।
- সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে নিবন্ধক সমিতিকে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের আগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।

২। প্রশিক্ষণ সেবা:

জেলা সমবায় কার্যালয়ে একজন প্রশিক্ষক ও একজন সহকারী প্রশিক্ষক সমন্বয়ে একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমবায় সমিতিতে গিয়ে সদস্যদের সমবায় ভিত্তিক প্রশিক্ষণ দিয়ে থাকে। এছাড়া সমবায়ীদের বিভিন্ন ট্রেডে বৃত্তিমূলক প্রশিক্ষণ যেমন: মোমাছি চাষ, মৎস্য চাষ, কম্পিউটার ট্রেনিং, টেইলারিং, ব্লক-বাটিক, ফ্যাশন এন্ড ডিজাইন প্রশিক্ষণ প্রদান করা হয়। সমবায় সমিতিটি দক্ষতার সহিত পরিচালনার জন্য ব্যবস্থাপনা কমিটির সদস্যদেরকে সমিতি ব্যবস্থাপনা ও হিসাব-নিরীক্ষা প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

৩। অভিযোগ ও নিষ্পত্তি:

- জেলা পর্যায়ের অভিযোগ সমূহ জেলা সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।
- বিভাগীয় পর্যায়ের অভিযোগ সমূহ বিভাগীয় সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করতে হবে।
- সমবায় অধিদপ্তরের কোন অভিযোগ থাকলে তা নিবন্ধক বরাবরে দাখিল করতে হবে।